

সিনিয়র সিস্টেম এনালিস্ট

- সিস্টেম এনালিস্ট/ সিনিয়র প্রোগ্রামার
  - প্রোগ্রামার
  - স্ট্রিং ইঞ্জিনিয়ার
  - সংমে: ই-১/ সংমে: ই-২
  - নথি
- ডায়েরি নং: ৩৩২  
তারিখ: ৩০/৩/২৬

রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
তদন্ত ও শৃঙ্খলা শাখা  
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.২৪-৪৪

তারিখ: ০২ চৈত্র, ১৪৩২  
১৬ মার্চ, ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু শেখ নাবিল হোসেন (পরিচিতি নং-৬০২২৫৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, শরীয়তপুর (সাবেক নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক বিভাগ, ঝালকাঠি) এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.২৪-৪৪ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া যায়নি; এবং

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় শেখ নাবিল হোসেন এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, শেখ নাবিল হোসেন (পরিচিতি নং-৬০২২৫৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, শরীয়তপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে একই বিধিমালা ৭(২)(ক) অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
(ড. সাহাবুদ্দীন জিয়াউল-হক)  
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৪.২৪-৪৪

তারিখ: ০২ চৈত্র, ১৪৩২  
১৬ মার্চ, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা

(৪)

০৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তার PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৮. শেখ নাবিল হোসেন (পরিচিতি নং-৬০২২৫৫), নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ), সওজ, সড়ক বিভাগ, শরীয়তপুর
০৯. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি